গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)

www.ddm.gov.bd

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৩১

তারিখ: ৯ কার্তিক ১৪২৯

২৫ অক্টোবর ২০২২

বিষয়: **জরুরি সাড়াদান কেন্দ্রে প্রয়োজনীয় মালামাল সরবরাহ।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

উপকূল অতিক্রমরত ঘূর্ণিঝড় 'সিত্রাং' আরো উওর-উওরপূর্ব দিকে অতি দ্রুত অগ্রসর হয়ে গত মধ্যরাতে (২৪ অক্টোবর ২০২২) ভোলার নিকট দিয়ে বরিশাল-চট্টগ্রাম উপকূল অতিক্রম সম্পন্নকরত: বৃষ্টি ঝরিয়ে দ্রুত দুর্বল হয়ে নিম্নচাপে পরিণত হয়েছে এবং বর্তমানে স্থল নিম্নচাপ আকারে ঢাকা-কুমিল্লা-ব্রাক্ষনবাড়িয়া ও এর পাশ্ববর্তী এলাকায় (অক্ষাংশ: ২৩.৮ ডিগ্রী উত্তর, দ্রাঘিমাংশ:৯১.০ ডিগ্রী পূর্ব) অবস্থান করছে। উত্তর বঙ্গোপসাগরে বায়ুচাপ পার্থক্যের আধিক্য বিরাজ করছে।

মোংলা, পায়রা ও চট্টগ্রাম সমুদ্রবন্দরসমূহকে ০৭ (সাত) নম্বর বিপদ সংকেত নামিয়ে তার পরিবর্তে ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত (পুন:) ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

কক্সবাজার সমুদ্রবন্দরকে ০৬ (ছয়) নম্বর বিপদ সংকেত নামিয়ে তার পরিবর্তে০৩(তিন)নম্বর স্থানীয় সতর্ক সংকেত (পুন:) ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

অমাবশ্যা তিথি ও বায়ুচাপ পার্থক্যের আধিক্যের প্রভাবে উপকূলীয় জেলা সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল, লক্ষীপুর, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, চট্টগ্রাম ও কক্সবাজার এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ০৩-০৫ফুট অধিক উচ্চতার বায়ুতাড়িত জলোচ্ছাসে প্লাবিত হতে পারে।

উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে।

[এ সিরিজে আর কোন আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি প্রচারিত হবে না]

**২। আজ ২৫ অক্টোবর, ২০২২ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

রংপুর, দিনাজপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাংগাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশা ল, পটুয়াখালী, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে পূর্ব/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪ ৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ২ নম্বর (পুনঃ) ২ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। আজ ২৫ অক্টোবর, ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা: পূর্ব-মধ্য বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর উত্তর বঙ্গোপসাগর এলাকায় অব স্থানরত ঘূর্ণিঝড় "সিত্রাং" উত্তরপূর্ব দিকে অগ্রসর ও দ্রুত দুর্বল হয়ে স্থল নিম্নচাপ আকারে ঢাকা-কুমিল্লা-ব্রাক্ষণবাড়িয়া ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছিল। এটি বর্তমানে নেত্রোকোনা এবং তৎসংলগ্ন এলাকায় সুস্পষ্ট লঘুচাপ আকার ে অবস্থান করছে। পরবর্তী ০৬ ঘন্টার মধ্যে এটি আরো উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে গুরুত্বহীন হয়ে যেতে পারে ।**

**পূর্বাভাস: রংপুর, ঢাকা, ময়মনসিংহ, বরিশাল চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয় াসহ হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।**

**তাপমাত্রা: সারাদেশের দিন এবং রাতের তাপমাত্রা (১-৩) ডিগ্রী তাপমাত্রা বৃদ্ধি পেতে পারে।**

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): দিন এবং রাতের তাপমাত্রা বৃদ্ধি পেতে পারে।**
**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ২৪.৭ | ২৭.০ | ৩০.৩ | ২৫.০ | ২৪.৪ | **৩০.৪** | ২৪.৫ | ২৮.৫ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২০.০ | ২০.০ | **১৯.০** | **২২.৬** | ২১.২ | ২১.৬ | ২০.০ | ২১.২ |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল টেকনাফ (কক্সবাজার) ৩০.৪$^{o}$ সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা রাজারহাট (কুড়িগ্রাম) ১৯.০$^{o}$ সেঃ।

**(** সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ব্যবস্থাঃ**
লঘুচাপ সৃষ্টির পর থেকেই উপকূলীয় এলাকায় মানুষের মাঝে আগাম সর্তক বার্তা প্রচার করা হয়েছে।
ঝুঁকিপূর্ণ সকল জেলা ও উপজেলা প্রশাসনকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।
মানবিক সহায়তাঃ ১৯ টি জেলায় (খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, নড়াইল, যশোর, বরিশাল, পটুয়াখালী, ভোলা, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠি, চট্টগ্রাম, কক্সবাজার, চাঁদপুর, নেয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, শরীয়তপুর, গোপালগঞ্জ) ৪৭৫ মেট্রিক টন চাল, ৯৫ লক্ষ টাকা, ১৯ হাজার শুকনা ও অন্যান্য খাবারের বস্তা/প্যাকেট, ৬৪১১ কার্টুন ড্রাইকেক (প্রতিকার্টুন ১.৫৬ কেজি), ৭৫৭৬ কার্টুন বিস্কুট (প্রতি কার্টুন ১.৩২ কেজি) বরাদ্দ দেওয়া হয়েছে।

**ঘূর্ণিঝড় সিত্রাং বিষয়ক তথ্যঃ**

১. লঘুচাপ সৃষ্টিঃ ২০ অক্টোবর, ২০২২ সকাল ৯.৩০ টা।
২. সুস্পষ্ট লঘুচাপঃ ২১ অক্টোবর সন্ধ্যা ৬.৩০ টা।
৩. নিম্নচাপঃ ২২ অক্টোবর দুপুর ১২ টা।
৪. গভীর নিম্নচাপঃ ২৩ অক্টোবর সকাল ৬ টা।
৫. ঘূর্ণিঝড় সিত্রাং: ২৩ অক্টোবর রাত ৮ টা।
৬. ঘূর্ণিঝড় সিত্রাংএরউপকূলঅতিক্রম: ২৪ অক্টোবরদিবাগতরাত ৮/৯ টা।

ঘূর্ণিঝড় সিত্রাং গতকাল ২৪ অক্টোবর সন্ধ্যা থেকে শুরু হয়ে রাত ৯ টার দিকে বাংলাদেশের পটুয়াখালী, ভোলা, নোয়াখালী ও চট্টগ্রাম জেলার উপকূল এলাকা অত্রিক্রম করেছে। মধ্য রাতে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর স্থল নিম্নচাপ ঘোষণা করে ৩ নম্বর জারি করে।
ঘূর্ণিঝড়ের সর্তকতার শুরু থেকে গতকাল বিকাল পর্যন্ত প্রায় ৭ হাজার আশ্রয়কেন্দ্রে এবং বিভিন্ন নিরাপদ ভবনে প্রায় ১০ লক্ষ মানুষ আশ্রয় নিয়েছেন। প্রায় দেড় লক্ষাধিক গবাদিপশু আশ্রয়কেন্দ্রে আশ্রয় দেওয়া হয়েছে।
আশ্রয়কেন্দ্রসমূহে সকলের জন্য ২ বেলা শুকনা ও রান্না করা খাবারের ব্যবস্থা করা হয়।
ঘূর্ণিঝড় কেটে যাওয়ায় আজ সকালে সবাই নিজ নিজ বাড়িতে ফিরে গেছেন।
প্রাথমিকভাবে পাওয়া তথ্য অনুযায়ী ৪১৯ টি ক্ষতিগ্রস্থ ইউনিয়নে আনুমানিক ১০ হাজার ঘরবাড়ি ক্ষতিগ্রস্থ হয়েছে।
প্রায় ৬ হাজার হেক্টর ফসলি জমি এবং প্রায় ১ হাজার মৎস ঘের ক্ষতিগ্রস্থ হয়েছে। ঘূর্ণিঝেড় বিভিন্ন স্থানে বেশকিছু গাছপালা ও বিদ্যুৎ এর খুটি উপরে গেছে। প্রাপ্ত হিসাব মতে 5 টি জেলায় 09 (নয়) জন মানুষ মারা গেছে।
ক্ষয়ক্ষতির বিস্তারিত হিসাব জেলা প্রশাসন থেকে ডি-ফরমে পাওয়ার পর জানা যাবে।
**** দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে ঘূর্ণিঝড় 'সিত্রাং' এর আঘাতে সম্ভাব্য ক্ষতিগ্রস্ত জেলাসমূহে বিতরণের জন্য মোট ৪৭৫ মেঃ টন ত্রাণ কার্য (চাল), ৯৫,০০,০০০/- টাকা ত্রাণ কার্য (নগদ), ১৯,০০০ ব্যাগ/ বস্তা শুকনা ও অন্যান্য খাবার, ৬৪১১ কার্টুন অলিম্পিক ড্রাইকেক এবং ৭৫৭৬ কার্টুন অলিম্পিক ডাইজেস্টিভ বিস্কুট বরাদ্দ প্রদান করা হয়েছেঃ**

| ক্রঃ নং | জেলার নাম | ত্রাণ কার্য (চাল) (মেঃটন) | তাণ কার্য (নগদ টাকা) | শুকনা অন্যান্য খাবার (ব্যাগ/প্যাকেট) | ড্রাইকেক (কার্টুন) | ডাইজেস্টিভ বিস্কুট (কার্টুন) |
|---|---|---|---|---|---|---|
| ১ | খুলনা | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৫১১ | ৭৭৬ |
| ২ | বাগেরহাট | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩৫০ | ৪০০ |
| ৩ | সাতক্ষীরা | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩০০ | ৪০০ |
| ৪ | নড়াইল | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ২৫০ | ২৫০ |
| ৫ | যশোর | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৪০০ | ৪০০ |
| ৬ | বরিশাল | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৪০০ | ৪০০ |
| ৭ | পটুয়াখালী | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৪০০ | ৪০০ |
| ৮ | ভোলা | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩০০ | ৪০০ |
| ৯ | পিরোজপুর | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩০০ | ৩০০ |
| ১০ | বরগুনা | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩০০ | ৪০০ |
| ১১ | ঝালকাঠি | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ২৫০ | ২৫০ |
| ১২ | চট্টগ্রাম | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৫০০ | ৭০০ |
| ১৩ | কক্সবাজার | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩৫০ | ৪০০ |
| ১৪ | চাঁদপুর | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩৫০ | ৪০০ |
| ১৫ | নোয়াখালী | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩০০ | ৪০০ |
| ১৬ | লক্ষীপুর | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩০০ | ৩০০ |
| ১৭ | ফেনী | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ২৫০ | ৩০০ |
| ১৮ | শলীয়তপুর | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩০০ | ৩০০ |
| ১৯ | গোপালগঞ্জ | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩০০ | ৪০০ |
| | **মোট=** | **৪৭৫** | **৯৫০০০০০** | **১৯০০০** | **৬৪১১** | **৭৫৭৬** |

## ৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ

- ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় দেশের পূর্বাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে মাঝারি থেকে ভারী বর্ষণের সম্ভাবনা রয়েছে। এই সময়ে পূর্বাঞ্চলের মুহুরী, গোমতী ও উত্তর-পূর্বাঞ্চলের মনু, খোয়াই, সুরমা-কুশিয়ারা নদ-নদীসমূহের পানি সমতল সময় বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে।
- আবহাওয়া সংস্থাসমূহের সর্বশেষ তথ্য অনুযায়ী অমাবশ্যা তিথি ও বায়ুচাপ পার্থক্যের আধিক্যের প্রভাবে উপকূলীয় সকল জেলা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ০৩-০৫ ফুট অধিক উচ্চতার বায়ুতাড়িত জলোচ্ছাসে প্লাবিত হতে পারে।

## ৫। বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (২৪ অক্টোবর, ২০২২ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

| পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - |

## ৬। বৃষ্টিপাতের তথ্য :

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| বরগুনা | ২৯১.০ | টাঙ্গাইল | ২৫১.০ |
| বরিশাল | ২৪১.০ | ভাগ্যকূল (মুন্সিগঞ্জ) | ২৩৫.০ |

| | | | |
|---|---|---|---|
| ঢাকা | ২১৫.০ | ফরিদপুর | ২০৯.০ |

গত ২৪ ঘন্টায় ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| শীলং (মেঘালয়) | ১৯৭.০ | গোয়ালপাড়া (আসাম) | ৬২.০ |
| গোয়াহাটি (আসাম) | ৫৮.০ | আগরতলা (ত্রিপুরা) | ৫৪.০ |

**<u>নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):</u>**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০৩ |
| বৃদ্ধি | ৬১ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| হ্রাস | ৪২ | মোট তথ্য পাওয়া যায়নি | ০৩ |
| অপরিবর্তিত | **০৩** | **বিপদসীমার উপরে** | **০০** |
| **বন্যা আক্রান্ত জেলার সংখ্যা** | | | **০** |
| **বিপদসীমার উপরে নদীর সংখ্যা** | | | **০** |

**৭। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৩ অক্টোবর, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৪ অক্টোবর, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ২০ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ১০ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ২ | ০ | ০ |
| ৬। | রংপুর | ২ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৫ | ০ | ০ |
| ৮। | খুলনা | ৭ | ০ | ০ |
| | **মোট** | **২৯** | **০** | **০** |

২৫-১০-২০২২

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

কম্পিউটার অপারেটর

স্টোর শাখা

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৩১/১

তারিখ: ৯ কার্তিক ১৪২৯
২৫ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপপরিচালক, প্রশাসন-২ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

২৫-১০-২০২২

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা